

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
অপারেশনস্ অধিশাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৯.০০.০২০.১৫-২১২

তারিখ: ০২ চৈত্র, ১৪৩২
১৬ মার্চ, ২০২৬

বিষয়: আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর-২০২৬ উপলক্ষ্যে অফিস ছুটিকালীন করণীয় বিষয়ে নির্দেশনা

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল ফিতরের ছুটিতে করণীয় বিষয়ে ১৬/০৩/২০২৬ তারিখ বেলা ০২:০০ ঘটিকায় অনুষ্ঠিত জুম মিটিং এর মাধ্যমে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হয়

নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ


- ১। পবিত্র ঈদ-উল ফিতরকে কেন্দ্র করে মাদক ব্যবসায়ীরা যাতে মাদক অপরাধ সংক্রান্ত অপতৎপরতা চালাতে না পারে সেলক্ষ্যে তার আওতাধীন অঞ্চল/জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয়/বিশেষ জোন এবং বিভাগীয় গোয়েন্দা কার্যালয়সমূহ টিম গঠনপূর্বক মাদকবিরোধী অভিযান জোরদার করতে হবে
- ২। অভিযানকালে অবশ্যই বিধি মোতাবেক ইউনিফর্ম পরিধান করতে হবে। ইউনিফর্ম ব্যতীত অভিযান পরিচালনা করা যাবে না
- ৩। অফিস প্রধানগণ অফিস ত্যাগের পূর্বে সকল বৈদ্যুতিক সুইচ ও অন্যান্য যন্ত্রাংশ বন্ধ করা হয়েছে কিনা তা নিশ্চিত হবেন
- ৪। আলামতখানার নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে
- ৫। স্ব-স্ব অধিক্ষেত্রাধীন চিহ্নিত মাদক স্পট, হোটেল/রেস্তোরাঁসমূহে নজরদারি জোরদার করতে হবে
- ৬। অফিসের গুরুত্বপূর্ণ নথি ও প্রয়োজনীয় কাগজ পত্রাদি যথাস্থানে রাখা/সংরক্ষণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করবেন
- ৭। ছুটিকালীন রোস্টার ভিত্তিতে ডিউটি পালনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ নিয়মিত ফলোআপ করবেন
- ৮। পারমিটধারী মদ্যপায়ী (দেশি/বিদেশি) ব্যতীত অন্য কোন গ্রাহক যাতে মদ্য জাতীয় পানীয় ক্রয়/সেবন করতে না পারে তা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে
- ৯। অনুমোদিত সময়ের পরে দেশী মদের/বিদেশী মদের দোকানগুলো যাতে খোলা না থাকে এবং কোনো প্রকার অসামাজিক কার্যকলাপ না ঘটে সে বিষয়ে নজরদারী বৃদ্ধি করতে হবে
- ১০। কোন ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক কোনভাবেই যাতে ভেজাল মদ তৈরি বা বিক্রি করতে না পারে, তা নিশ্চিতকরণে নজরদারীসহ অভিযান অব্যাহত রাখতে হবে
- ১১। ছুটিকালীন অপারেশনাল ফোর্স এর কার্যক্রম যেন কোন ভাবেই ব্যাহত না হয় তা সংশ্লিষ্ট জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয়/বিশেষ জোন কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা নিশ্চিত করবেন
- ১২। স্ব-স্ব কার্যালয় কর্তৃক টিম গঠনপূর্বক টিমের কর্মসূচি ঠিক করবেন
- ১৩। যে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ও বড় ধরনের সামলা হলে দ্রুত উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করবেন

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য বিভাগীয় গোয়েন্দা কার্যালয়সহ জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয়/বিশেষ জোন কার্যালয়ের প্রধানদের জানিয়ে দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অতিরিক্ত পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/
সিলেট/রংপুর/ময়মনসিংহ ও গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১। পরিচালক (অপারেশনস্/প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ২। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। অফিস কপি


(মুকুল জ্যোতি চাকমা)
উপপরিচালক (অপারেশনস্)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
ফোন: +৮৮০২২২৬-৬৬৫১১৭